দামুড়হুদায় আখ চাষী সমাবেশ অনুষ্টিত

দামুড়হুদা উপজেলার লোকনাথপুরে আখ চাষী সমাবেশ অনুষ্টিত হয়েছে। গতকাল রবিবার বিকাল সাড়ে ৫ টার দিকে লোকনাথপুর মাধ্যমিক বিদ্যালয়ে এ আখ চাষী সমাবেশে অনুষ্টিত হয়।

আখ চাষী সমাবেশে সভায় সভাপতিত্ব করেন, বিশিষ্ট আখচাষী জামাল হোসেন। প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন, কেরুজ চিনিকলের ব্যাবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান। এ সময় তিনি বলেন, ২০২৫-২৬ রোপন ও মাড়াই মৌসুমে আখরোপণ লক্ষ্যমাত্রা অর্জন এবং পরিস্কার-পরিচ্ছন্ন গুনগত মানসম্পন্ন আখ সরবরাহ করতে হবে। আপনারা ভালো জাতের আখ লাগাবেন আপনারা লাভবান হবেন। আপনাদের কথা চিন্তা করে আগামী বছর আখের মৃল্য বৃদ্ধি করার চিন্তা করছে বাংলাদেশ খাদ্য ও চিনি শিল্প করপোরেশন।

এ সময় বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন, কেরুজ চিনিকলের জিএম কৃষি আশরাফুল আলম ভূইয়া এবং ডিজিএম (সম্প্রসারণ) মাহবুবুর রহমানসহ প্রায় শতাধীক আখচাষী উপস্থিত ছিলেন।